

মসজিদ

সায়্যিদিনা আবু হুরায়রা রাঃ বর্ণনা করেন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন আল্লাহর নিকট সবচাইতে প্রিয় জায়গা মসজিদ। (মুসলিম ৬৭১)

মসজিদ আল্লাহর কাছে অতি প্রিয় জায়গা।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদিনা মুনাওয়্যারায় হিজরত করেন সবার আগে যেই কাজটি করেন তা হচ্ছে মসজিদ নির্মাণ। প্রথমে ক্বুবায় এরপর মদীনা মুনাওয়্যারায়। পরবর্তিতে যেখানে যেখানে মুসলমানদের যাতায়াত হয় সেখানে ছোট - বড় মসজিদ নির্মাণ করা হয়।

মসজিদকে কেন্দ্র করেই মুসলিম সমাজ গড়ে উঠে।

কূফা শহর নির্মাণের পরিকল্পনার ক্ষেত্রে সায়্যিদিনা ওমর রাঃ নির্দেশ দেন যেন শহরের প্রতিটি গলি জামে মসজিদ পর্যন্ত যেয়ে মিলে। (তারিখে মিল্লাত ১/২৩৯)

পৃথিবীর বিভিন্ন জায়গায় মুসলমানরা মসজিদের কাছে বসবাসের চেষ্টা করে থাকে। মুসলিম শিশুরা মসজিদে যাতায়াত করতে করতে বড় হয়।

কখনো কখনো মুসলমানদের মনে মসজিদ কেন্দ্রিক অনেক চমৎকার ঘটনা জড়িত থাকে।

একারণেই যদি বলা হয় মসজিদ মুসলিম জাতির অন্তরের স্পন্দন তা একেবারে ফেলে দেয়া যাবে না। ইতিহাস সাক্ষি, যতদিন মসজিদ আবাদ ছিল মুসলমানরা সুরক্ষিত ছিল। যখন মুসলমানরা মসজিদের হক নষ্ট করলো তখন অরক্ষিত হয়ে গেল।

স্পেন, উজবুকিস্তান আর রাশিয়ায় মসজিদগুলোকে গির্জাঘর, ক্লাব আর গোয়ালঘরে রূপান্তরিত করার ঘটনা ঘটতে থাকে।

আল্লাহ আমাদেরকে এধরনের বিপদ থেকে রক্ষা করেন। ভারত, পাকিস্তান চীন আর বিভিন্ন দেশে মসজিদকে নিশানা বানানো এটাই প্রমাণ করে মসজিদগুলো এখন আর সুরক্ষিত না। ইচ্ছাকৃত ভাবেই মসজিদগুলোকে ধ্বংস করার পায়তারা চলছে। এই পরিস্থিতির সমাধান হচ্ছে নিজেদের অবস্থা ঠিক করা।

বিগত দুই বছরে বহু মানুষ মসজিদ থেকে দূরে সরে গেছে। অনেকে রোগ থেকে বাঁচতে মসজিদে যাওয়া বন্ধ করে দিয়েছে।

মসজিদ তো এমন জায়গা যেখানে আল্লাহর রহমত অবতীর্ণ হয়।

মাওলানা সিদ্দীক বান্ধুভী রহঃ যখন দক্ষিণ আফ্রিকা গেলেন তখন বললেন, তোমরা নিজ সন্তানদের ঈমানের হেফাজত করতে চাইলে তাদেরকে মসজিদের সাথে জুড়ে দাও।

মসজিদের সাথে মন জুড়ে থাকাই আমাদের অন্তরে লুকিয়ে থাকার স্পন্দন।

আমাদের ছোট-বড় পাপ থেকে আল্লাহর কাছে তাওবা করা উচিৎ।

পুরুষ লোক সবাই মসজিদে নামাজ পড়ার অঙ্গিকার করা আর মহিলাদের উচিৎ সময় মতো নিজের ঘরে নামাজ আদায় করা। ঘরেই তাঁদের নামাজে নেকী বেশি। এটাই হাদীসে প্রমাণিত।

আসলে সুনাত ওয়াল জামায়াতের সকল মসজিদ আর দ্বীনি প্রতিষ্ঠানগুলোকে আল্লাহ যেন হেফাজত করেন সেই দুআ করা।

আল্লাহ পাক পৃথিবীর সব মসজিদের হেফাজত করেন,

আমাদের অন্তরের হেফাজত করেন আর মসজিদের সাথে

জুড়ে রাখেন। আমীন।



WIFĀQUL 'ULAMA

ASSOCIATION OF SOUTH AFRICAN 'ULAMA

ASPIRING TO PRESERVE THE ESSENCE OF SUNNAH